# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَنبَأَنَا خَالِدٌ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رُبَيِّعَةَ، قَالَ: قَالَ سَلْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُ: لَا يَزَالُ النَّاسُ بِخَيْرٍ مَا بَقِيَ الْأَوَّلُ حَتَّى يَتَعَلَّمَ الْآخِرُ، فَإِذَا هَلَكَ الْأَوَّلُ قَبْلَ أَنْ يَتَعَلَّمَ الْآخِرُ، هَلَكَ النَّاسُ

لم يحكم عليه المحقق

বাংলা

২৫৫. আব্দুল্লাহ বিন রাবীয়াহ হতে বর্ণিত, তিনি বলেন, সালমান রা. বলেছেন, “লোকেরা ততদিন পর্যন্ত কল্যাণের থাকবে যতদিন পূর্ববর্তীগণ (সাহাবীগণ) জীবিত থাকবেন, আর পরবর্তী লোকেরা ইলম শিক্ষা করতে থাকবেন। তারপর যখন পরবর্তীগণ ইলম শিক্ষা করার পূর্বেই পূর্ববর্তীগণ মৃত্যুবরণ করবেন, তখনই লোকেরা ধ্বংস হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এ হাদীসটি পূর্বে ২৪৮ নং এ গত হয়েছে। সেখানে দেখুন। (সনদের রাবীগণ সকলেই বিশ্বস্ত, তবে সনদে ইনক্বিতা’ বা বিচ্ছিন্নতা রয়েছে। তবে কয়েকটি সনদের সমন্বয়ে সামগ্রিকভাবে এ আছারটি হাসান স্তরে উন্নীত হয়- ২৪৮ নং এর টীকা হতে।- অনুবাদক)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69566

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন